



ভোরের কাগজ



উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস উদ্বোধন করেন। বিজ্ঞপ্তি

ঢাবি ক্যাম্পাসে প্রথমবারের মতো চালু শাটল বাস সার্ভিস

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত বৃহস্পতিবার এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এই সার্ভিস উদ্বোধন করেন। পরীক্ষামূলকভাবে আগামী ৩ মাসের জন্য এই সার্ভিস চালুর সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মিসেস রাশেদা ইরশাদ নাসির, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, প্রভোস্ট স্ট্যাভিং কমিটির আহ্বায়ক ড. আব্দুল্লাহ-আল-মামুন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুননী শামস উদ্দিন আহমদ ও একজন শিক্ষার্থী প্রতিনিধি অনুষ্ঠানে বক্তব্য রাখেন। পরিবহন ম্যানেজার মো. কামরুল হাসান অনুষ্ঠান সঞ্চালন করেন। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অফিসের প্রধান ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, সীমিত সামর্থ্য সত্ত্বেও শিক্ষার্থীদের অভ্যন্তরীণ চলাচলের সুবিধার্থে শাটল বাস সার্ভিস চালু করা হলো। এই কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে তিনি আন্তরিক অভিনন্দন জানান। বিজ্ঞপ্তি



আলোকিত বাংলাদেশ

